

🗏 আল-হিজর | Al-Hijr | ٱلْحِجْر

আয়াতঃ ১৫: ৬৭

💵 আরবি মূল আয়াত:

وَ جَآءَ أَهِلُ المَدِينَةِ يَستَبشِرُونَ ﴿٤٧﴾

আর শহরের অধিবাসীরা উৎফুল্ল হয়ে হাযির হল। — আল-বায়ান

শহরের লোকেরা আনন্দ সহকারে (লুতের ঘরে) উপস্থিত হল। — তাইসিরুল

নগরবাসীরা **আনন্দোম্মাদ হয়ে উপস্থিত হল**। — মুজিবুর রহমান

And the people of the city came rejoicing. — Sahih International

৬৭. আর নগরবাসী উল্লসিত হয়ে উপস্থিত হল।

তাফসীরে জাকারিয়া

(৬৭) নগরবাসিগণ উল্লাসিত হয়ে উপস্থিত হল। [1]

[1] এক দিকে লূত (আঃ)-এর বাড়িতে জাতির ধ্বংসের ফায়সালা হচ্ছে, আর অন্য দিকে লূত-সম্প্রদায় জানতে পারে যে, লূতের বাড়িতে কিছু সুদর্শন যুবক অতিথি এসেছে। তারা সমকামিতার অভ্যাস দরুন খুব খুশি হলো এবং খুশি খুশি লূত (আঃ)-এর নিকট এসে দাবি করল যে, ঐসব যুবকদেরকে তাদের হাতে তুলে দেওয়া হোক। যাতে তারা তাদের সাথে কুকর্ম করে নিজেদের যৌনক্ষুধা মিটাতে পারে!

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=1869

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন